

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 26-03-2026**  
**Time: 07:35-07:40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**ADC-Election :**

আসন্ন এডিসি নির্বাচনে প্রার্থীদের মনোনয়নপত্রগুলো আজ পরীক্ষা করে দেখা হবে। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন আগামী ২৮শে মার্চ। ভোট গ্রহণ ১২ই এপ্রিল। গণনা হবে ১৭ই এপ্রিল।

\*\*\*\*\*

**Bye-Election :**

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে মনোনয়নপত্র প্রত্যাহারের আজ শেষ দিন। স্কুটিনি শেষে ৬ জন প্রার্থীরই মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হয়। প্রার্থীরা হলেন, বিজেপির জহর চক্রবর্তী, সিপিআইএমের অমিতাভ দত্ত, জাতীয় কংগ্রেসের চ্যয়ন ভট্টাচার্য, আমরা বাঙালি দলের বিভাস রঞ্জন দাস, এস.ইউ.সি.আই 'এর সঞ্জয় চৌধুরী ও নির্দল প্রার্থী ব্রজলাল নাথ।

\*\*\*\*\*

**Bye-Election-Postal Ballot/Home Voting :**

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে কর্তব্যরত সরকারী কর্মচারি ভোটারদের জন্য পোস্টাল ব্যালটে ধর্মনগরের বীর বিক্রম ইনস্টিটিউশনে ভোটগ্রহণ করা হবে আগামী ৩রা ও ৪ঠা এপ্রিল। নির্বাচনী ডিউটিতে থাকা পোলিং পার্সোনাল, পুলিশ কর্মী, চালক, মাইক্রো অবজারভার এবং অন্যান্য

সংশ্লিষ্ট কর্মী যারা ভোটের কাজে কর্তব্যরত থাকবেন, তারা পোস্টাল ব্যালটে এই ভোট দেওয়ার সুবিধা নিতে পারবেন। ইচ্ছুক ভোটারদের ফর্ম- ১২ পূরণ করে সাথে ভোটের কাজে নিযুক্তির নিয়োগপত্রের ফটোকপি জমা দিতে হবে। এদিকে ৮৫ বছরের উর্ধ্ব বয়স্ক নাগরিক, দিব্যাঙ্গ এবং অন্যান্য ভোটার যারা ভোটকেন্দ্রে যেতে পারবেন না, সেই সকল ভোটারদের জন্য বাড়ি বাড়ি গিয়ে ভোটগ্রহণ করা হবে আগামী ৩১ মার্চ থেকে দুসরা এপ্রিল। এরজন্য ঐ সকল ভোটারদের ফর্ম ১২ডি পূরণ করে তা রিটার্নিং অফিসারের কার্যালয়ে জমা দিতে হবে।

\*\*\*\*\*

### **Licensed Firearms :**

আসন্ন এডিসি'র নির্বাচনের ভোটপর্ব এবং ভোটপর্বতী সহিংসতা প্রতিরোধে পশ্চিম ও সিপাহীজলা জেলার জেলাশাসক জেলার অন্তর্গত সমস্ত লাইসেন্স প্রাপ্ত আগ্নেয়াস্ত্র এবং গোলাবারুদ আগামী ৩০ মার্চের মধ্যে নিজ নিজ এলাকার সংশ্লিষ্ট থানায় জমা দেওয়ার নির্দেশ জারি করেছেন। ৩০ মার্চ এর পর কোন ব্যক্তির কাছে যদি কোন আগ্নেয়াস্ত্র বা গোলাবারুদ পাওয়া যায় তবে তিনি আইনানুগ বিচারের সম্মুখীন হবেন এবং অস্ত্র আইন অনুযায়ী তার আগ্নেয়াস্ত্র এবং গোলাবারুদ বাজেয়াপ্ত করা হবে।

\*\*\*\*\*

### **AIR-VANDEMATRAM :**

স্বাধীনতার পর থেকে আকাশবাণী কেন্দ্রগুলিতে প্রথমে আইকনিক সিগনেচার টিউন ও "বন্দেমাতরম" সংগীতের দুই স্তবক অনুসরণ করে সকালবেলার সম্প্রচার শুরু করার একটি ঐতিহ্য রয়েছে। সেক্ষেত্রে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের ২৮শে জানুয়ারির নির্দেশিকা অনুযায়ী, →বন্দেমাতরম" সংগীতের ছয়টি

সুবকের নতুন সংস্করণ আজ থেকে আকাশবাণীর সমস্ত কেন্দ্রে সম্প্রচার শুরু হয়েছে। নতুন সংস্করণটির সময়কাল হবে ৩ মিনিট ১০ সেকেন্ড।

\*\*\*\*\*

### **Review Meeting :**

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, রাজ্য এল.পি.জি সিলিন্ডার, পেট্রোল এবং ডিজেলের পর্যাপ্ত মজুত রয়েছে। এই সমস্ত সামগ্রীর ঘাটতি রয়েছে বলে কোনো ধরনের গুজবে বিভ্রান্ত না হতে তিনি জনগণের প্রতি আবেদন জানিয়েছেন। গতকাল আগরতলার প্রজ্ঞাভবনে জ্বালানি সামগ্রীর ডিলারদের নিয়ে এক রাজ্যভিত্তিক পর্যালোচনা বৈঠকে খাদ্যমন্ত্রী বলেন, রাজ্যের কোথাও জ্বালানি সামগ্রীর কালোবাজারি ও বেআইনী মজুত করলে সেক্ষেত্রে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

\*\*\*\*\*

### **Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে মার্চ, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগণের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩২তম পর্ব। প্রধানমন্ত্রী জনগণকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

\*\*\*\*\*

## **RBSK :**

রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রম-এর উদ্যোগে ও মিশন স্মাইল-এর সহযোগিতায় আগরতলার এজিএমসি ও জিবিপি হাসপাতালে ঠোঁট ও তালু কাটা সমস্যাযুক্ত থাকা শিশুদের জন্য একটি বিশেষ স্ক্রিনিং ও সার্জিক্যাল ক্যাম্প-এর আয়োজন করা হয়েছে। গত ২৩ মার্চ থেকে শুরু হওয়া এই ক্যাম্প আজ শেষ হবে। ক্যাম্পে ৪৪ জন শিশুকে অস্ত্রোপচারের জন্য নির্বাচিত করা হয়েছে। এখন পর্যন্ত ৩২টি সফল সার্জারি সম্পন্ন হয়েছে এবং বাকি অপারেশনগুলো নির্ধারিত সময়ের মধ্যে ধাপে ধাপে সম্পন্ন করা হবে।

\*\*\*\*\*

## **Unakoti Mela :**

কৈলাশহরে অবস্থিত শৈবতীর্থ উনকোটিতে অশোকাষ্টমী উপলক্ষ্যে দু'দিনব্যাপী মেলা গতকাল থেকে শুরু হয়েছে। উদ্বোধন করেন জেলা শাসক ড: তমাল মজুমদার। মেলা উপলক্ষ্যে রাজ্য-বহিঃরাজ্য থেকে প্রচুর দর্শনার্থী উনকোটিতে এসেছেন। আজ উনকোটির পবিত্র সীতাকুণ্ডে পুণ্যার্থীরা পুণ্য অবগাহন করবেন।

\*\*\*\*\*

## **Weather :**

ভারতীয় আবহাওয়া বিভাগ আগামী ২৯শে মার্চ পর্যন্ত রাজ্যের বিভিন্ন জেলায় ৩০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে। এদিকে, আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, রাজ্যে আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৯ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*